

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-২ শাখা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.১১.০০২.১৭-২৮

তারিখ: ৩০ মাঘ ১৪২৪

১২ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়: শ্যামপুর মডেল স্কুল এন্ড কলেজ-এর নামে রাজউক কর্তৃক বরাদ্দকৃত ৬ বিঘা জমির দলিল রেজিস্ট্রেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে "ঢাকা মহানগরীসহ ৬টি বিভাগে ১১টি উচ্চ মাধ্যমিক মডেল বিদ্যালয় স্থাপন শীর্ষক" প্রকল্পের আওতায় শ্যামপুর মডেল স্কুল এন্ড কলেজটি প্রতিষ্ঠিত হয়। রাজউক কর্তৃপক্ষের ১৪/০৮/২০০২ তারিখের ৯/২০০২ তম সাধারণ সভায় ৭৫ (১) অনুচ্ছেদে আলোচনান্তে ৭৫ (২) অনুচ্ছেদের সিদ্ধান্ত অনুযায়ী শ্যামপুর রাজউক পূনর্বাসন এলাকায় মডেল স্কুল এন্ড কলেজ স্থাপন এবং একটি খেলার মাঠের জন্য ৫ নম্বর সড়কের ২ নম্বর প্লট কম বেশি ৪ বিঘা আয়তনের এবং ৫ নম্বর সড়কের ৪ নম্বর প্লট কম বেশি ২ বিঘা আয়তনের সর্বমোট ৬ বিঘা আয়তনের দুটি প্লট শিক্ষা মন্ত্রণালয়ের বরাবরে হস্তান্তর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক স্মারক নং-রাজউক/এস্টেট/২৯৪৭ স্থা: তারিখ: ২০/০৮/২০০২ এর মাধ্যমে উক্ত দুটি প্লট শিক্ষা মন্ত্রণালয় বরাবর হস্তান্তরের বিষয়ে পত্র প্রদান করা হয়।

০২। বর্ণিতাবস্থায়, "ঢাকা মহানগরীসহ ৬টি বিভাগে ১১টি উচ্চ মাধ্যমিক মডেল বিদ্যালয় স্থাপন শীর্ষক" প্রকল্পের আওতায় প্রতিষ্ঠিত শ্যামপুর মডেল স্কুল এন্ড কলেজ গত ১৮/০৯/২০১৭ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.১৮.২০২.১৭ (অংশ-৩)-৮৬২ নং স্মারকে সরকারিকরণ হওয়ায় রাজউক কর্তৃক হস্তান্তরিত ৬ বিঘা জমি প্রতিকী মূল্যে দলিল রেজিস্ট্রেশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৬ (ছয়) পাতা।



১২-২-২০১৮

অসীম কুমার কর্মকার

সহকারী সচিব

ফোন: ৯৫৭০৬৭২

ইমেইল: as.sec3@moedu.gov.bd

সচিব, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), ঢাকা।

স্মারক নম্বর:

৩৭.০০.০০০০.০৭৩.১১.০০২.১৭-২৮/১(৩)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা

মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।



১২-২-২০১৮

অসীম কুমার কর্মকার  
সহকারী সচিব